দৈনিক সংবাদ

তারিখ 11 APR 1986
পৃষ্ঠা 7 কলাম 2

007

# সাতক্ষীরায় সরকারীকরণের অপেক্ষায় ১৫২টি প্রাথমিক বিদ্যালয়

সাতক্ষীরা, ৮ই এপ্রিল (নিজস্ব সংবাদদাতা) ।-সাতক্ষীরা জেলার ৭টি উপজেলায় ১৫২টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় প্রায় দু'যুগ ধরে সরকারীকরণের অপেক্ষায় রয়েছে। বহু আবেদন নিবেদনের সাথে সাথে সরকারী মহলের উচ্চ বিভাগে বহু ছোটাছুটি করা হয়েছে। কিন্তু কোন ফল হয়নি। ফলে ১৫২টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৫ শতাধিক শিক্ষক এখনো সরকারীকরণের আশায় বুক বেঁধে আছেন। আর ঝড় বৃষ্টিতে নিয়মিত স্কুলে মাদুর-চাটাই নিয়ে হাজিরা দিচ্ছে প্রায় দশ হাজার ছাত্রছাত্রী।

সাতক্ষীরা জেলা প্রাথমিক শিক্ষা দফতরের একটি সূত্রে প্রকাশ, সাতক্ষীরা সদর উপজেলায় ১০টি, তালা উপজেলায় ১৯টি, কলারোয়া উপজেলায় ১১টি, দেবহাটা উপজেলায় ৮টি, আশাশুনি উপজেলায় ২৮টি, কালিগঞ্জ উপজেলায় ২১টি এবং শ্যামনগর উপজেলায় ২২টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এগুলি সরকার অনুমোদিত। এছাড়া ৭টি উপজেলায় আরো ৩৩টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এ গুলির নাম সরকারী খাতায় উঠেনি।

বেসরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহে বর্তমানে চরম আর্থিক সংকট বিরাজ করছে। অধিকাংশ বিদ্যালয়ই স্থানীয় জনসাধারণের আর্থিক সাহায্যে চলছে। আবার কোন কোনটি স্থানীয়ভাবে চাঁদা আদায়ের মাধ্যমে চালানো হচ্ছে। এ ছাড়া আবার কোন কোন স্কুল ছাত্রছাত্রীদের নিকট থেকে নামমাত্র বেতন নিয়ে চলছে।

অধিকাংশ বিদ্যালয় কয়েকটি খুঁটি নিয়ে দাঁড়িয়ে আছে। কোন কোনটির ছাউনি খুলে পড়েছে। বসার জন্য ছাত্রছাত্রীদেরকে বাড়ী থেকে বয়ে আনতে হয় মাদুর বা চাটাই। এ ছাড়া রয়েছে বেঞ্চ, ব্লাক বোর্ড, টেবিল সংকট। ফলে নামমাত্র আসবাবপত্র নিয়ে শিক্ষকরা স্কুল গুলি চালিয়ে যাচ্ছেন।

উল্লেখিত প্রাথমিক বিদ্যালয় গুলিতে শিক্ষকদের সংখ্যা রয়েছে ৫ শতাধিক। একদিন সরকারীকরণ হবে এই আশায় তারা এখনো শিক্ষকতা করছেন। অথচ এক থেকে দু'যুগেরও বেশি সময়ের এ স্কুলগুলি দীর্ঘ দিনেও সরকারীকরণ হয়নি। ফলে এ সকল স্কুলের প্রায় দশ হাজার ছাত্রছাত্রীর ভবিষ্যৎ ক্রমশ: অনিশ্চিত হয়ে পড়ছে।